গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪১.১৭. ৪৯৬ তারিখ: ২৪ কার্তিক ১৪২৫ / ০৮ নভেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব নাহিদা খান (১৭৬৯২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), ফজিলাতুননেসা সরকারি মহিলা কলেজ, ভোলা এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক ''অসদাচরণ'' ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩১.১০.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। জনাব নাহিদা খান জানান যে, বৈবাহিক সূত্রে তিনি ঢাকাতে বসবাস করেন। ফজিলাতুননেসা সরকারি মহিলা কলেজ, ভোলাতে কর্মরত অবস্থায় দুর্ঘটনা হবার কারণে তিনি দু'পায়ে প্রচন্ড আঘাতপ্রাপ্ত হন এবং তার দুইটি শিশু সন্তান ও শয্যাসায়ী শ্বাশুড়ি পরিবারে অবস্থান করায় পূর্বের কর্মস্থলে ঢাকা থেকে ভোলা যাতায়াত করে কর্মসম্পাদন করার জন্য মানসিকভাবে প্রচন্ড অবসাদগ্রস্ত ও বিপর্যস্ত ছিলেন। অনাকাঙ্খিত ঘটনা এবং অনুপস্থিতির জন্য তিনি দুঃখ প্রকাশ করে ক্ষমা প্রার্থনা করেছেন এবং এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি হবেনা মর্মে অঙ্গীকার করেছেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব নাহিদা খান (১৭৬৯২), সহকারি অধ্যাপক (অর্থনীতি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা সংযুক্ত: দুয়ারীপাড়া সরকারি মহাবিদ্যালয়, ঢাকা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার অননুমোদিত অনুপস্থিতকাল ২৫.১১.২০১৬ তারিখ হতে ২৩.০৫.২০১৭ তারিখ পর্যন্ত প্রাপ্যতা অনুযায়ী অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ০৮.১১.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪১.১৭. ৪৯৬/১(৯) তারিখ: ২৪ কার্তিক ১৪২৫ / ০৮ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব নাহিদা খান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ, ...।
৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ....।
৯। জনাব নাহিদা খান (১৭৬৯২), সহকারি অধ্যাপক (অর্থনীতি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা সংযুক্ত: দুয়ারীপাড়া সরকারি মহাবিদ্যালয়, ঢাকা ।

০৮/১১/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১২.১৮.৪৯৪ তারিখ: ২৪ কার্তিক ১৪২৫ / ০৮ নভেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ রফিকুল ইসলাম (১৫১৪৮), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক ''অসদাচরণ'' ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১৪.১০.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম শুনানিতে জানান যে, তার নিজ জেলা ফরিদপুরে পরিবার পরিজন নিয়ে বসবাস করেন। তিনি ডায়াবেটিস, মেরুদন্ড হাড়ে ব্যাথা, কফ ইনফেকশন এবং মাইগ্রেন জনিত মাথা ব্যাথাসহ বিভিন্ন রোগে আক্রান্ত। বেশি ভ্রমণকালে বর্ণিত রোগ সমূহের তীব্রতা বৃদ্ধি হওয়ায় তিনি বিভিন্ন সময়ে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক পর্যালোচনায় তার অননুমোদিত অনুপস্থিতকালকে ০৩ মাস ১৯ দিনকে অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম (১৫১৪৮), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি সফর আলী কলেজ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর অননুমোদিত অনুপস্থিত সময়কালকে ০৬.১১.২০১৬ তারিখ হতে ১৫.১১.২০১৬ তারিখ পর্যন্ত ১২ দিন, ০৮.০১.২০১৭ তারিখ হতে ১৯.০১.২০১৭ পর্যন্ত ১২ দিন, ২৬.০২.২০১৭ তারিখ হতে ০২.০৩.২০১৭ তারিখ পর্যন্ত ০৫ দিন, ১৭.১০.২০১৭ তারিখ হতে ৩১.১০.২০১৭ পর্যন্ত ১৫ দিন, ০৫.১১.২০১৭ তারিখ হতে ১৬.১১.২০১৭ পর্যন্ত ১২ দিন, ০৭.০১.২০১৮ তারিখ হতে ১৮.০১.২০১৮ পর্যন্ত ১২ দিন,২৫.০২.২০১৮ তারিখ হতে ০১.০৩.২০১৮ পর্যন্ত ০৫ দিন, ০২.০৬.২০১৮ তারিখ হতে ১৪.০৬.২০১৮ পর্যন্ত ১৩ দিন, ১৫.০৭.২০১৮ তারিখ হতে ২৬.০৭.২০১৮ পর্যন্ত ১২ দিন ও ০৪.০৮.২০১৮ তারিখ হতে ১৪.০৮.২০১৮ পর্যন্ত ১১ দিন সর্বমোট= ৩ মাস ১৯দিন পর্যন্ত প্রাপ্যতা অনুযায়ী অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ০৮.১১.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১২.১৮.৪৯৪/১ (৯) তারিখ: ২৪ কার্তিক ১৪২৫ / ০৮ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ রফিকুল ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ, ...।
৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ....।
৯। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম (১৫১৪৮), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি সফর আলী কলেজ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

০৮/১১/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬